Zaitoon Academy أكاديمية الزيتون

এক নজরে
যাইতুনের প্রতিষ্ঠানসমূহ

যাইতুন একাডেমি
(আরবি-ইংরেজি মাধ্যম মাদরাসা)

যাইতুন হিফজ মাদরাসা
(বালক-বালিকা)

যাইতুন বালিকা ইয়াতিমখানা

যাইতুন তাহিলী মাদরাসা
(হাফিজে কুরআন ও স্কুল ছাত্রদের জন্য)

# ভর্তি নির্দেশিকা

# যাইতুন একাডেমি

(হাফিজ ও আলিমে দ্বীন বানানোর বিশেষায়িত প্রতিষ্ঠান)

# আমাদের কথা

আমাদের দেশের শিক্ষা ব্যবস্থায় বর্তমানে অনেক সংস্কার সাধন হয়েছে। মূল ধারার শিক্ষা ব্যবস্থায় কুরআন, সুন্নাহ, আরবি শিক্ষার অনেক সংকোচন ঘটেছে। এ কথা সর্বজনবিদিত যে, কুরআন সুন্নাহর জ্ঞান মানুষকে তাকওয়াবান বানায় আর তাকওয়া মানুষকে সকল প্রকার অন্যায় গর্হিত কাজ থেকে দূরে রাখে। বর্তমানে শিক্ষার হার যে হারে বাড়ছে তার চেয়েও বাড়ছে অপরাধের হার। এ থেকেই প্রমাণ হচ্ছে, কুরআন সুন্নাহ বর্জিত শিক্ষা ব্যবস্থা আমাদেরকে দুনিয়ার সব কিছু উপহার দিতে পারলেও নৈতিকতা শিক্ষা দিতে পারছে না।

আমাদের সন্তানদের শিক্ষা জীবন কুরআন দিয়েই শুরু করতে হবে। সাহাবী (রা.), তাবেয়ীগণ এবং তাদের অনুসারী সালফে সালেহীন সবাই শিক্ষা জীবনের শুরুতে কুরআন হিফজ করেছেন বা করার চেষ্টা করেছেন। মুসলিম উম্মাহর বড় বড় ইমামগণ আগে হাফিজে কুরআন এরপর দ্বীনের বাকী ইলম অর্জন করেছেন। আমরা যারা আমাদের সন্তানদেরকে আলিমে দ্বীন বানাতে চাই তাদেরকেও সালাফদের সেই পথে হাঁটতে হবে। আগে আমরা সন্তানদের হাফিজে কুরআন বানাবো এরপর আলিমে দ্বীন বানানোর চেষ্টা করব ইনশাআল্লাহ।

যাইতুন একাডেমি প্রতিষ্ঠার উদ্দেশ্য হচ্ছে, একজন শিক্ষার্থীকে কুরআনের সংস্পর্শে ভালো মানের আলেমে দ্বীন তৈরি করা। আমরা যে আলেমে দ্বীন বানাতে চাই তারা শুধু কুরআন ও আরবিতে ভালো হবে না, তারা ইংরেজি, কম্পিউটারসহ আধুনিক জ্ঞানেও হবে সুসজ্জিত।

যে সমস্ত বাবা-মা সন্তানকে হাফিজে কুরআন, খাটি আলিমে দ্বীন ও আধুনিক জ্ঞানে জ্ঞানী করতে চান তাদের জন্য যাইতুন একাডেমি হতে পারে সেরা পছন্দ।

আমাদের কারিকুলাম এমনভাবে প্রস্তুত করা হয়েছে, যেখান থেকে একজন শিক্ষার্থী কুরআনের হাফিজ হয়ে আলিয়া মাদরাসার সর্বোচ্চ স্তর পর্যন্ত পড়ার-লেখার সুযোগ পাবে। সে যদি কওমী ধারায় অথবা জেনারেল ধারায় চলে যেতে চায় তাও যেতে পারবে এবং সেখানে গিয়েও ভালো রেজাল্ট করে নিজের ক্যারিয়ারকে সমুন্নত করতে পারবে ইনশাআল্লাহ।

## যাইতুন একাডেমির লক্ষ্য-উদ্দেশ্য

একদল বিশেষায়িত আলিমে দ্বীন তৈরি করা যারা সত্যিকারার্থে কুরআন, সুন্নাহ ও আরবি ভাষায় বিশেষ পারদর্শী হবেন।

## যাইতুন একাডেমির বিশেষত্ব

- ইলমের সাথে আমলের সমন্বয়।
- অর্থসহ কুরআন হিফজ।
- আরবি ভাষায় বিশেষ দক্ষতা।

## যাইতুন একাডেমির বৈশিষ্ট্যসমূহ

- আরবী ও দ্বীনি সাবজেক্টসমূহ সৌদি আরব ও কাতারের কারিকুলাম অনুসরণ।
- আরবী, ইংরেজি ও বাংলা ভাষায় বিশেষ গুরুত্বারোপ।
- আনন্দ ও বিনোদনের মাধ্যমে শিক্ষাদান।
- আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত ক্লাসরুম।
- বিশেষায়িত হিফজুল কুরআন বিভাগ।
- স্কিল (কম্পিউটার, আইসিটি) ডেভলপমেন্টের ওপর সর্বোচ্চ গুরুত্বারোপ।
- মেধাবী শিক্ষার্থীদের জন্য শিক্ষাবৃত্তি।
- সিসিটিভিযুক্ত নিরাপদ ক্যাম্পাস।
- ইসলামিক স্কলারদের নিয়ে গঠিত বোর্ড কৃর্তক শিক্ষা কার্যক্রম পরিচালনা।
- মেধাবী দরিদ্র শিক্ষার্থীদের জন্য স্কলারশিপ।
- ইয়াতিম শিক্ষার্থীদের জন্য ফুল-ফ্রি শিক্ষা।
- পৃথকভাবে হিফজ সম্পন্নকারীদের জন্য তা'হিলী/মুতাফার্রেকা প্রোগ্রাম।



# যাইতুন একাডেমি

**(আরবি-ইংরেজি মাধ্যম মাদরাসা)**

যাইতুন একাডেমি একটি আরবি-ইংরেজি মাধ্যম আলিয়া মাদরাসা। যেখানে শিক্ষার্থীরা আরবি ও ইংরেজি মাধ্যমে প্লে থেকে আলিম/এইচএসসি পর্যন্ত আলিয়া ও যাইতুনের নিজস্ব সিলেবাসের আলোকে পড়াশুনা করে আলেমে দ্বীন হতে পারবে। যাইতুন একাডেমির ছাত্র-ছাত্রীদের বিশেষত্ব হচ্ছে, তারা বাধ্যতামূলক পবিত্র কুরআনের ৫ পারা হিফজ করতে হবে। তাদেরকে আরবি ও ইংরেজি ভাষায় বিশেষ দক্ষতা অর্জন করে ইসলামিক সাবজেক্টগুলোতে বুৎপত্তি অর্জন করতে হবে। যাইতুন একাডেমিতে ২০২৪ সালে প্লে থেকে ক্লাস থ্রি পর্যন্ত ছেলে মেয়েরা ভর্তি হতে পারবে। ২০২৫ সাল থেকে প্লে থেকে দাখিল শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রী ভর্তি হতে পারবে ইনশাআল্লাহ।

# যাইতুন হিফজ মাদরাসা

**(বালক-বালিকা)**

আপনি যদি আপনার ছেলে মেয়েকে কুরআনের হাফিজ বানাতে চান তাহলে যাইতুন একাডেমির হিফজ বিভাগ আপনার সন্তানের জন্য হতে পারে আদর্শ স্থান। উন্নত ব্যবস্থাপনায় যোগ্য শিক্ষক দিয়ে হিফজ বিভাগ পরিচালনা করা হচ্ছে। এখানে ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা আলাদা সেকশন রয়েছে। কুরআন হিফজের পাশাপাশি অংক, ইংরেজি, আরবি ও বাংলা এই চারটি সাবজেক্ট পড়ানো হচ্ছে যাতে করে হিফজ শেষ করে শিক্ষার্থীরা জেনারেল ক্লাসে খুব সহজেই প্রবেশ করতে পারে।

# যাইতুন বালিকা ইয়াতিম খানা

যাইতুন বালিকা ইয়াতিমখানা আন্তর্জাতিক মানের ইয়াতিম পরিচর্যা কেন্দ্র যেখানে ইয়াতিম মেয়েরা মায়ের আদরে বেড়ে উঠছে। ইয়াতিম মেয়েদের জন্য মানসম্মত শিক্ষা, বাসস্থান, খাদ্য, বস্ত্র, স্বাস্থ্যসেবাসহ সবকিছুই থাকছে এখানে। ৬ বছর থেকে ১০ বছর বয়সী ইয়াতিম মেয়েরা বছরের যেকোনো সময় এখানে ভর্তি হতে পারবে। তারা হিফজ করার পাশাপাশি মাদরাসা শিক্ষা গ্রহণ করবে। এখানে তাদেরকে উচ্চশিক্ষা ও কর্মমূখী প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে গড়ে তোলা হবে। তাদেরকে উপযুক্ত সময়ে বিয়ের ব্যবস্থাও করা হবে ইনশাআল্লাহ।

# যাইতুন তাহিলী মাদরাসা

"যারা কুরআনের হিফজ শেষ করেছেন অথবা স্কুল থেকে মাদরাসায় আসতে চাচ্ছে তাদের জন্য মাত্র ১ বছরের যাইতুন তাহিলী মাদরাসা। যাইতুনে ১ বছর অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা আরবি, বাংলা, ইংরেজি, অংক ও বিজ্ঞানে বিশেষ পারদর্শীতা অর্জন করতে পারবে। এরপর তারা আলিয়া মাদরাসার ৮ম শ্রেণিতে ভর্তি হয়ে পর্যায়ক্রমে দাখিল-আলিম পাশ করতে পারবে ইনশাআল্লাহ"

## যে ৩টি বিষয় যাইতুনে বিশেষ গুরুত্ব দেয়া হয়

**ইলমে দ্বীন** | **ভাষা জ্ঞান** | **দক্ষতা**

## ভর্তি প্রক্রিয়া

- অনলাইনে আবেদন করতে হবে (https://www.zaitoonacademy.com/home/apply-online)।
- ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- শিক্ষার্থীর মা-বাবা/অভিভাবককে মৌখিক সাক্ষাৎকার প্রদান করতে হবে।
- নির্ধারিত ফিস প্রদানকরতঃ ভর্তি সম্পন্ন করে আইডি কার্ড সংগ্রহ করতে হবে।

## ভর্তির বিভাগসমূহ

ক. প্রি-হিফজ প্রোগ্রাম (কায়দা নুরানী-নাজেরা)
খ. হিফজ প্রোগ্রাম (হিফজুল কুরআন তাসমি/দাওর)
গ. মাদরাসা শিক্ষা প্রোগ্রাম (প্লে-৩য় শ্রেণি, পর্যায়ক্রমে দাখিল পর্যন্ত)
ঘ. খন্ডকালীন হিফজ (স্কুল ছাত্র-ছাত্রীর জন্য)
ঙ. আরবি ভাষা শিক্ষা কোর্স (সকল বয়সী নারী পুরুষের জন্য উন্মুক্ত)
চ. শিক্ষক ট্রেনিং প্রোগ্রাম (মাদরাসার শিক্ষক হতে ইচ্ছুকদের জন্য)
ছ. ইমাম-খতীব ও দাঈ ইলাল্লাহ ট্রেনিং প্রোগ্রাম
জ. বয়স্কদের সহিহ কুরআন তা'লীম কোর্স (জেনারেল শিক্ষিত নারী-পুরুষের জন্য)

## ভর্তির ক্যাটাগরি

| | |
|---|---|
| আবাসিক | যাইতুন একাডেমির ছাত্র-ছাত্রী যারা সার্বক্ষণিক আবাসিকে থাকবেন। |
| অনাবাসিক | যারা বাদ ফজর থেকে ১০:৪৫ মিনিট এবং দুপুর ২:৩০টা-রাত ৮:৩০ মিনিট পর্যন্ত সকল সুযোগ-সুবিধাসহ যাইতুন ক্যাম্পাসে অবস্থান করবেন (দুপুরের বিশ্রাম, খাবার, রাতের খাবার ও ঘুম বাসায় হবে)। |
| ডে-কেয়ার | যারা বাদ ফজর থেকে রাত ৮:৩০ মিনিট পর্যন্ত সকল সুযোগ-সুবিধাসহ যাইতুন ক্যাম্পাসে অবস্থান করবেন (রাতের খাবার ও ঘুম বাসায় হবে)। |
| খন্ডকালীন হিফজ | বাদ ফজর, বাদ জোহর এবং বাদ মাগরিব দুই ঘন্টার হিফজ ক্লাস (স্কুল ছাত্র-ছাত্রীদের জন্য) (শুক্রবার ছাড়া)। |
| সহিহ কুরআন তা'লীম | প্রতিদিন দেড় ঘন্টা (শুক্রবার ছাড়া)। |
| আরবি ভাষা শিক্ষা কোর্স/ শিক্ষক ট্রেনিং/ ইমাম, খতীব ও দাঈইলাল্লাহ ট্রেনিং প্রোগ্রাম | সপ্তাহে ২/৩ দিন বিকাল বেলা। মেয়াদ ৩-৬ মাস। |

## Academic Road Map | التخطيط الأكاديمي

| الصفوف الدراسية<br>Academic Classes | عمر الطالب<br>Age | عدد السنوات<br>Duration/ Years | المراحل التعليمية<br>Academic Stages | | م |
|---|---|---|---|---|---|
| Play-Nursery | 4-6 | 2 | Pre-Primary | روضة الأطفال | 1 |
| Class One-Class Five | 6-11 | 5 | Primary | الابتدائية | 2 |
| Class Six-Class Ten | 11-16 | 5 | Secondary | المتوسطة | 3 |
| Class-11-Class-12 | 16-18 | 2 | Higher Secondary | الثانوية | 4 |
| Class Three-Class Five | 8-11 | 3 | Dept. of Hifzul Quran | قسم تحفيظ القرآن الكريم | 5 |
| Class Six | 11-12 | 1 | Ta`heeli (1 Year Intensive preparatory courses for Hifz Students) | الصف التأهيلي (لحفاظ القرآن الكريم) | 6 |

## বয়সভিত্তিক শ্রেণি বিন্যাস

| বয়স | যাইতুন শ্রেণি বিন্যাস | জেনারেল শ্রেণি বিন্যাস | সিলেবাস |
|---|---|---|---|
| ৪-৫ বছর | قاعدة نورانية | প্লে | নুরানী কায়দা, বাংলা, আরবি, ইংরেজি, অংক |
| ৫-৬ বছর | جزء عم | নার্সারি | আমপারা, বাংলা, আরবি, ইংরেজি, অংক |
| ৬-৭ বছর | ناظرة | প্রথম শ্রেণি | নাজেরা, বাংলা, আরবি, ইংরেজি, অংক |
| ৭-৮ বছর | ناظرة | দ্বিতীয় শ্রেণি | নাজেরা, বাংলা, আরবি, ইংরেজি, অংক |
| ৮-৯ বছর | تحفيظ | তৃতীয় শ্রেণি | হিফজ, বাংলা, আরবি, ইংরেজি, অংক |
| ৯-১০ বছর | تحفيظ | চতুর্থ শ্রেণি | হিফজ, বাংলা, আরবি, ইংরেজি, অংক |
| ১০-১১ বছর | تحفيظ | পঞ্চম শ্রেণি | হিফজ, বাংলা, আরবি, ইংরেজি, অংক |
| ১১-১২ বছর | السنة التحضيرية | | তাহিলী প্রোগ্রাম |
| ১২-১৩ বছর | السنة الأولى | ষষ্ঠ শ্রেণি | ন্যাশনাল + যাইতুন কারিকুলাম |
| ১৩-১৪ বছর | السنة الثانية | সপ্তম শ্রেণি | ন্যাশনাল + যাইতুন কারিকুলাম |
| ১৪-১৫ বছর | السنة الثالثة | অষ্টম শ্রেণি | ন্যাশনাল + যাইতুন কারিকুলাম |
| ১৫-১৬ বছর | السنة الرابعة | নবম শ্রেণি | ন্যাশনাল + যাইতুন কারিকুলাম |
| ১৬-১৭ বছর | السنة الخامسة | দশম শ্রেণি | ন্যাশনাল + যাইতুন কারিকুলাম |
| ১৭-১৮ বছর | দাখিল/SSC পরীক্ষা | | দাখিল/ এসএসসি পরীক্ষার সিলেবাস |

# ফি স্ট্রাকচার

## ক. ভর্তিকালীন ফি

| খাতসমূহ | আবাসিক (৩য়-১০ম শ্রেণি) | অনাবাসিক (৩য়-১০ম শ্রেণি) | ডে-কেয়ার (৩য়-১০ম শ্রেণি) | মাদরাসা (প্লে-৫ম শ্রেণি) | খন্ডকালীন হিফজ | তাহিলী | টিচার ট্রেনিং |
|---|---|---|---|---|---|---|---|
| ভর্তি ফি | ৮০০০ | ৫০০০ | ৬০০০ | ৮০০০ | ৩০০০ | ৮০০০ | ২০০০ |
| সংস্থাপন ফি | ৯০০০ | ১০০০ | ৩০০০ | ৩০০০ | ২০০০ | ৩০০০ | ০০ |
| সেশন ফি | ৮০০০ | ৮০০০ | ৮০০০ | ৮০০০ | ১০০০ | ৩০০০ | ০০ |
| বিবিধ | ২৫০০ | ৫০০ | ৫০০ | ২৫০০ | ১৫০০ | ২৫০০ | ০০ |
| **মোট** | **২৭৫০০** | **১৪৫০০** | **১৭৫০০** | **২১৫০০** | **৭৫০০** | **১৬৫০০** | **২০০০** |

**বি.দ্র.: ভর্তি ফি এবং সংস্থাপন ফি শুধুমাত্র প্রথম বছর ভর্তির সময় প্রযোজ্য। দ্বিতীয় বছর থেকে শুধুমাত্র সেশন ফি এবং বিবিধ ফি প্রদান করতে হবে।

## খ. মাসিক (আবাসিক/অনাবাসিক) ফি

| খাতসমূহ | আবাসিক | অনাবাসিক | ডে-কেয়ার | খন্ডকালীন হিফজ | কুরআন তা'লীম |
|---|---|---|---|---|---|
| টিউশন ফি | ৪০০০ | ৩৫০০ | ৩৫০০ | ২০০০ | ১৫০০ |
| সিটভাড়া | ২০০০ | ০০ | ১০০০ | | |
| নাস্তা | ১০০০ | ৮০০ | ৮০০ | | |
| খাবার | ৪০০০ | ১৫০০ | ২৫০০ | | |
| সার্ভিস চার্জ | ১৫০০ | ৭০০ | ৭০০ | | |
| হাউজ টিউটর (জেনারেল) | ১৫০০ | ১০০০ | ১০০০ | | |
| **মোট** | **১৪০০০** | **৭৫০০** | **৯৫০০** | **২০০০** | **১৫০০** |

## গ. মাসিক (জেনারেল মাদরাসা) ফি

| খাতসমূহ | প্লে | নার্সারী | প্রথম | দ্বিতীয় | তৃতীয় | চতুর্থ | পঞ্চম |
|---|---|---|---|---|---|---|---|
| টিউশন ফি | ৪০০০ | ৪০০০ | ৪০০০ | ৪০০০ | ৪৩০০ | ৪৩০০ | ৪৩০০ |
| বিবিধ | ৫০০ | ৫০০ | ৫০০ | ৫০০ | ৫০০ | ৫০০ | ৫০০ |
| **মোট** | **৪৫০০** | **৪৫০০** | **৪৫০০** | **৪৫০০** | **৪৮০০** | **৪৮০০** | **৪৮০০** |

## ডিসকাউন্ট

- Sibling (ভাই-বোন) ভর্তি ফি এবং টিউশন ফি-তে ২৫% ডিসকাউন্ট।
- দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য ২৫%-৫০% পর্যন্ত ডিসকাউন্ট/স্কলারশীপ।

## টিউশন ফি পলিসি

- মাসিক টিউশন ফি প্রতি ইংরেজি মাসের ১০ তারিখের মধ্যে আদায় করতে হবে।
- ইংরেজি মাসের ১৫ তারিখের মধ্যে টিউশন ফি আদায় না করলে ৫০০ টাকা জরিমানা যুক্ত হবে।
- একাধারে দুই মাসের টিউশন ফি বকেয়া থাকলে যাইতুন একাডেমি কর্তৃপক্ষ শিক্ষার্থীর ভর্তি বাতিল করতে পারবেন।
- যাইতুন একাডেমি কর্তৃপক্ষ প্রয়োজনে টিউশন ফি রিভাইস করতে পারবে।
- কেউ ভর্তি বাতিল করতে চাইলে তাকে চলমান টার্মের টিউশন ফি পুরোপুরি আদায় করতে হবে।
- টিউশন ফি নগদ এবং ব্যাংকে পরিশোধ করা যাবে।

## যাইতুন একাডেমির পক্ষ থেকে আবাসিক ছাত্র-ছাত্রীদের জন্য প্রদেয় আসবাবপত্র

যাইতুন একাডেমির পক্ষ থেকে আবাসিক শিক্ষার্থীকে একটি খাট, পড়ার ডেস্ক, থালা, গ্লাস, বাটি, সেন্ডেল, কুরআন শরীফ/কায়দা বই ইত্যাদি প্রদান করা হয়ে থাকে।

## আবাসিক ছাত্র-ছাত্রীরা বাসা থেকে যেসব আসবাবপত্র আনবেন

জামা-পাজামা (সাধারণ সেট), গেঞ্জি, টুথপেস্ট, লুঙ্গি, ট্রাউজার, জুতা, লাগেজ (মাঝারি), তাওয়েল/গামছা, তোষক, বালিশ, মশারি, বিছানার চাদর, পাতলা কাঁথা/কম্বল, কোলবালিশ, খাতা, কলম, পেন্সিল ইত্যাদি।

## ছুটির তালিকা

| | |
|---|---|
| **বার্ষিক ছুটি** | ঈদ-উল ফিতর ১০ দিন। |
| | ঈদ-উল আযহা ১০ দিন। |
| | ১ম সেমিস্টার [পরীক্ষা] পরবর্তী অবকাশ ৭ দিন। |
| | ২য় সেমিস্টার [পরীক্ষা] পরবর্তী অবকাশ ৭ দিন। |

**মাসিক ছুটি :** প্রতিমাসের ৭ থেকে ১০ তারিখের মধ্যে জুমাবারকে কেন্দ্র করে জুমাবারসহ তিন দিনের ছুটি।

**নবাগতদের জন্য ছুটি :** নবাগত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রথম তিনমাস বৃহস্পতিবার এশার নামাযের পর থেকে জুমাবার আসর পর্যন্ত অনুমতি সপেক্ষে ছুটি ভোগ করতে পারবে। এক্ষেত্রে মাদরাসার নিয়ম অনুযায়ী অভিভাবক নির্ধারিত ফরম পূরণ করে কর্তপক্ষের অনুমতি গ্রহণ করতে হবে।

**জরুরী ছুটি :** শিক্ষার্থীর জরুরী প্রয়োজনে তার অভিভাবক লিখিত আবেদনের মাধ্যমে কর্তৃপক্ষের সম্মতিক্রমে ছুটি নিতে পারবেন। তবে মনে রাখতে হবে, ছুটি/অনুপস্থিতি শিক্ষার্থীর অগ্রগতির অন্তরায়।

**অনুপস্থিতির ছুটি :** কোনো কারণে পূর্ব অনুমতি ব্যতিত কোন শিক্ষার্থী মাদরাসায় অনুপস্থিত থাকলে যথাযথ কর্তৃপক্ষের কাছে লিখিত আবেদনের মাধ্যমে অবশ্যই ছুটি মঞ্জুর করাতে হবে।

## ক্লাস টাইম

- প্লে - দ্বিতীয় : সকাল ৮টা - ১১টা ◆ তৃতীয় - পঞ্চম : সকাল ৮টা - ১.৩০টা
- ষষ্ঠ - দশম/হিফজ বিভাগ/তাহিলী বিভাগ : ফুল টাইম আবাসিক।

## ইউনিফরম

যাইতুন একাডেমির ছাত্র-ছাত্রীদের ক্লাস করা কালীন নিম্নোক্ত ইউনিফরম পরিধান করা বাধ্যতামূলক:

| ক্রম | ইউনিফরম | ছেলে | মেয়ে |
|---|---|---|---|
| ০১ | টুপি/হিজাব | সাদা গোলটুপি | হিজাব ডিপ গ্রিন। বাম পাশে যাইতুন লোগো। চারদিকে গোল্ডেন পাইপিং। |
| ০২ | জামা | হালকা সবুজ রংয়ের পাঞ্জাবি। কলার ও বোতাম প্লেট জলপাই রং। বুকের বামে যাইতুন | দুবাই চেরি লাইট গ্রিন বডি নিকাব ছাড়া খিমার। বাম পাশে যাইতুন লোগো। হাতা এবং চারদিকে গোল্ডেন পাইপিং। |
| ০৩ | পায়জামা | সাদা রংয়ের পায়জামা | পায়জামা খিমারের কালার। |
| ০৪ | জুতা | কালো বাটা সু | কালো বাটা সু |
| ০৫ | গেঞ্জি | অফ হোয়াইট হাফ হাতা গেঞ্জি। বুকের বামে যাইতুন লোগো। | জলপাই রংয়ের হাটু পর্যন্ত লম্বা গেঞ্জি। লম্বা হাতা। বুকে যাইতুন লোগো। |
| ০৬ | হেড স্কার্ফ | | জলপাই রংয়ের হেড স্কার্ফ। |
| ০৭ | বোরখা (৬ষ্ঠ থেকে ১০ শ্রেণির ছাত্রীদের জন্য বাধ্যতামূলক) | | জলপাই রংয়ের বোরখা। |
| ০৮ | আইডি কার্ড | যাইতুন একাডেমির আইডি কার্ড ও রিবন | যাইতুন একাডেমির আইডি কার্ড ও রিবন |



## আবাসিক শিক্ষার্থীদের দৈনিক খাবার তালিকা

| বার | বাদ ফজর | সকালের নাস্তা | বেলা ১১টা | দুপুর | বিকাল | রাত |
|---|---|---|---|---|---|---|
| শনিবার | বন | ভুনা খিচুড়ি | দুধ+ বিস্কুট | সাদা ভাত, বড় মাছ, ডাল | বিস্কুট, চা | সাদা ভাত, ডিম, সবজি, ডাল |
| রবিবার | বিস্কুট | তেহারী | দুধ+ বিস্কুট | সাদাভাত, মুরগি, ডাল | বুট, মুড়ি | সাদাভাত, মুরগি, ডাল |
| সোমবার | খেজুর | নুডলস | দুধ+ বিস্কুট | মুরগী রোস্ট, পোলাও | বিস্কুট, চা | সাদা ভাত, ডিম, সবজি, ডাল |
| মঙ্গলবার | ইসবগুল | পরটা, ডাল | দুধ+ বিস্কুট | সাদাভাত, গরুর গোশত | বুট, মুড়ি | সাদাভাত, মুরগি, ডাল |
| বুধবার | কেক | ভুনা খিচুড়ি | দুধ+ বিস্কুট | সাদাভাত, মুরগি | বিস্কুট, চা | সাদা ভাত, ডিম, সবজি, ডাল |
| বৃহস্পতিবার | বিস্কুট | সাদাভাত, ভর্তা, ডাল | দুধ+ বিস্কুট | সাদাভাত, ডিম, সবজি, ডাল | বুট, মুড়ি | সাদাভাত, মুরগি, ডাল |
| শুক্রবার | খেজুর | পরটা, ডাল | দুধ+ বিস্কুট | সাদাভাত, মুরগি, ডাল | বিস্কুট, চা | সাদা ভাত, ডিম, সবজি, ডাল |

## শিক্ষার্থীদের দৈনন্দিন রুটিন*

| | |
|---|---|
| ভোর ৪.১৫ | শয্যা ত্যাগ। |
| ৪.৩০-৭.৫০ পর্যন্ত | হিফজ ক্লাস/ছবক ও সাত ছবক শোনানো/ফজরের নামাযের পর গুরুত্বপূর্ণ দু'আ পড়া, মর্নিং ওয়াক। |
| ৭.৫০-৮.২৫ পর্যন্ত | নাস্তার বিরতি। |
| ৮.৩৫-১০.৩০ পর্যন্ত | জেনারেল ক্লাস/বাংলা, গণিত, ইংরেজি ও আরবি পড়া। |
| ১০.৩০-১১.০০ পর্যন্ত | গোসল ও টিফিনের বিরতি। |
| ১১.০০-১২.৩০ পর্যন্ত | ঘুমের বিরতি। |
| ১২.৩০-১.৩০ পর্যন্ত | সালাতুল যোহর ও দুপুরের খাবার। |
| ১.৩০-আসর পর্যন্ত | হিফজ ক্লাস/আমুখতা শোনানো ও মুখস্ত তিলাওয়াত করা। |
| আসর-মাগরিব পর্যন্ত | খেলাধূলা/বিনোদন/কম্পিউটার শিক্ষা ও বিকেলের নাস্তা। |
| মাগরিব-৯.০০ পর্যন্ত | মাগরিবের সালাতের পর গুরুত্বপূর্ণ দু'আ পড়া এবং হিফজ ক্লাস/ছবক শেখা/ভোর রাতের প্রস্তুতিমূলক ছবক শোনানো। |
| ৮.৪৫-৯.৪৫ পর্যন্ত | সালাতুল ঈশা ও মাশ্‌ক। |
| ৯.৪৫-১০.১৫ পর্যন্ত | রাতের খাবার/ঘুমানোর প্রস্তুতি ও ফলফলাদি খাওয়া/দুধ বা হরলিক্স পান করা। |
| ১০.১৫-৪.৩০ পর্যন্ত | পূর্ণ বিশ্রাম। |

*প্রয়োজনে রুটিন পরিবর্তনযোগ্য

## আবাসিক/অনাবাসিক শিক্ষার্থীদের অভিভাবকদের জন্য নির্দেশনা

১. শিক্ষার্থীদের সাথে অযথা সাক্ষাৎ ও ফোন করা থেকে বিরত থাকুন।

২. প্রয়োজনীয় কথা-বার্তা ছাত্রদের জন্য নির্ধারিত মোবাইলে বাদ আছর থেকে মাগরিবের মধ্যে সম্পন্ন করুন।

৩. শিক্ষার্ক্ষীদের সাথে সাক্ষাতের সময়: বৃহস্পতিবার-শুক্রবার: বাদ আছর থেকে মাগরিব।

৪. আবাসিক শিক্ষার্থীদের মাসিক ছুটি প্রতি ইংরেজি মাসের শেষ বৃহস্পতি-শুক্র-শনিবার।

৫. বাসায় অবস্থানকালীন শিক্ষার্থীদের স্মার্ট ফোন ব্যবহার, ইউটিউব, টেলিভিশন ইত্যাদি দেখা কন্ট্রোল করুন।

৬. শিক্ষার্থীকে সবসময় একাডেমির নিয়ম কানুন শতভাগ মেনে চলার জন্য উৎসাহ দিন।

৭. শিক্ষার্থীর ছুটি, উৎসব ইত্যাদি ভোগ করতে একাডেমিক ক্যালেন্ডার অনুসরণ করুন।

৮. একাডেমির টিউশন ফি যথা সময়ে আদায় করুন।

৯. শিক্ষার্থী আবাসিকে অবস্থানকালীন অন্য কোনো শিক্ষার্থীর সাথে খারাপ আচরণ, মারামারি ইত্যাদি করলে একাডেমি কর্তৃপক্ষ তার আবাসিক সিট বাতিল, আর্থিক জরিমানা কিংবা ভর্তি বাতিলসহ শাস্তিমূলক অন্যান্য ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

১০. আবাসিকে ব্যবহারের জন্য শিক্ষার্থীকে দামী ঘড়ি, স্মার্ট ফোন, ট্যাব, ল্যাপটপ, টাকা-পয়সা ইত্যাদি প্রদান থেকে বিরত থাকুন।

১১. আবাসিক শিক্ষকদের সাথে মহিলা অভিভাবকবৃন্দ ভিডিও কলে কথা বলতে পারবেন না।

১২. যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কোনো শিক্ষককে বাসায় দাওয়াত দেয়া, ব্যক্তিগত সম্পর্ক তৈরি করা, টাকা-পয়সা, হাদিয়া তোহফা দেয়া যাবে না।

১৩. শিক্ষার্থীর আচরণগত সমস্যা থাকলে প্রথমে একাডেমি থেকে অভিভাবককে নোটিশ করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষার্থীর আচরণগত উন্নতি সাধিত না হলে তার আবাসিক সিট বাতিল করার অধিকার একাডেমির রয়েছে।

১৪. শিক্ষার্থীর সাথে দেখা করার সময় মহিলা অভিভাবকবৃন্দ পর্দা মেনে চলবেন। এমন জিনিস আনা যাবে না যে জিনিস অন্য শিক্ষার্থীরা না পেলে কষ্ট পায়।

১৫. চারিত্রিক পদস্খলনজনিত কোনো কিছু কারো মধ্যে পরিলক্ষিত হলে শিক্ষা পরিচালক অথবা চেয়ারম্যানকে দ্রুত অবহিত করুন।

১৬. অনাবাসিক শিক্ষার্থীর ডায়েরি ও খাতা নিয়মিত চেক করুন। মন্তব্যের ঘরে প্রয়োজনে মতামত লিখুন।

১৭. প্রতিষ্ঠানের সাথে যেকোনো লেনদেন ক্যাশ মেমো ছাড়া করবেন না।

১৮. কোনো শিক্ষার্থী পারিবারিক কারণে, ইচ্ছাকৃত/অনিচ্ছাকৃতভাবে প্রতিষ্ঠানের বাইরে কোনো ধরনের দুর্ঘটনায় পতিত হলে/ঘটালে তার দায়ভার অভিভাবক বহন করবেন।

১৯. প্রতিষ্ঠান থেকে প্রদানকৃত যেকোনো নির্দেশনা যথাযথভাবে মেনে চলার চেষ্টা করবেন।






২০২৪ শিক্ষাবর্ষে

# ভর্তি চলছে

| বয়স | শ্রেণি |
|---|---|
| ৪-৫ | প্লে |
| ৫-৬ | নার্সারি |
| ৬-৭ | প্রথম |
| ৭-৮ | দ্বিতীয় |
| ৮-১০ | হিফজ |
| ১১-১৫ | তাহিলী হাফেজদের জন্য |

## স্কুল শিক্ষার্থীদের জন্য

### কুরআন শিক্ষা ও ইসলামিক স্টাডিজ

আপনার স্কুল পড়ুয়া ছেলে-মেয়েদেরকে যাইতুন একাডেমিতে দিনের যেকোনো সময়ে ১-২ ঘন্টা কুরআন শিক্ষা/হিফজ প্রোগ্রামে ভর্তি করুন।

## হাফিজে কুরআনদের জন্য

### যাইতুন তাহিলী মাদরাসা

"যারা কুরআনের হিফজ শেষ করেছেন তাদের জন্য মাত্র ১ বছরের যাইতুন তাহিলী প্রোগ্রাম। যাইতুনে ১ বছর অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা আলিয়া মাদরাসার ৮ম শ্রেণিতে ভর্তি হয়ে পর্যায়ক্রমে দাখিল-আলিম পাশ করতে পারবে ইনশাআল্লাহ"

**Zaitoon Academy** أكاديمية الزيتون


জালালাবাদ হাইটস, জালালাবাদ-কো অপারেটিভ হাউজিং সোসাইটি, সেক্টর-০১, রোড-০১ লেইন-০২, পশ্চিমখুলশী, চট্টগ্রাম।

01874-350177, 01748-806492

info@zaitoonacademy.com

zaitoonacademy.com



ভর্তি নির্দেশিকা প্রকাশকাল : জুলাই ২০২৩ ইং